রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, নভেম্বর ২৭, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ / ১৮ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.১৮.০০২.২৪—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন **"সোপ এন্ড কসমেটিকস"** শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিক ও কর্মচারীদের জন্য নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিল-ক ও তফসিল-খ তে বর্ণিত মজুরীর হারকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, যথাক্রমে উক্ত শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরী হার হিসাবে ঘোষণা করিল, যথা :—



মূল্য : টাকা ১২.০০

## তফসিল "ক"

## শ্রমিকগণের নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **<u>উচ্চতর দক্ষ :</u>**<br>১। ফোরম্যান<br>২। মাস্টার টেকনিশিয়ান<br>৩। ওয়েল্ডার<br>৪। মেকানিক<br>৫। টার্নার<br>৬। সাধারণ মিস্ত্রী<br>৭। প্রেসম্যান/প্রেস মেশিনম্যান<br>৮। টয়লেট/ওয়াশিং প্রেসম্যান<br>৯। ফ্লোডার মেশিনম্যান<br>১০। মিক্সার মেশিনম্যান/ মিক্সারম্যান<br>১১। ড্রাইং চেম্বার মেশিনম্যান<br>১২। বয়লার এটেনডেন্ট<br>১৩। ফিটার মিস্ত্রী<br>১৪। কাটিং মেশিনম্যান<br>১৫। ডাইস মিস্ত্রী<br>১৬। অপারেটর/প্লান্ট অপারেটর<br>১৭। ইলেকট্রিশিয়ান<br>১৮। বয়েলিংম্যান<br>১৯। প্যাকার্স/র‍্যাপার্স | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৮২৬০/- | ৪১৩০/- | ১৫০০/- | ১০০০/- | ১৪৮৯০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৮২৬০/- | ৩৩০৪/- | ১৫০০/- | ১০০০/- | ১৪০৬৪/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ২। | **দক্ষ :**<br>১। সহকারী অপারেটর<br>২। সহকারী মেকানিক<br>৩। সহকারী ওয়েল্ডার<br>৪। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৫। সহকারী পাম্প অপারেটর<br>৬। বয়লার হেলপার<br>৭। কার্পেন্টার<br>৮। সহকারী বলিংম্যান<br>৯। বোতল/টিন ফিলিংম্যান<br>১০। ক্যাপ সিলিং/টিনসিলিংম্যান<br>১১। সহকারী ডাইস মিস্ত্রী<br>১২। সহকারী কাটিংম্যান<br>১৩। সহকারী ফিটারম্যান<br>১৪। সহকারী প্রেসম্যান/সহকারী প্রেস মেশিনম্যান<br>১৫। সহকারী ফ্লোডার মেশিনম্যান<br>১৬। সহকারী মিক্সার মেশিনম্যান/ সহকারী মিক্সারম্যান<br>১৭। সহকারী প্যাকার্স/ সহকারী র‍্যাপার্স | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৬৩৯০/- | ৩১৯৫/- | ১৫০০/- | ১০০০/- | ১২০৮৫/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৬৩৯০/- | ২৫৫৬/- | ১৫০০/- | ১০০০/- | ১১৪৪৬/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৩। | **আধা-দক্ষ :**<br>১। বয়েলিং হেলপার<br>২। মার্কম্যান<br>৩। নেইলার<br>৪। রোলার মেশিন হেলপার<br>৫। ফোল্ডার মেশিন হেলপার<br>৬। মিক্সার মেশিন হেলপার<br>৭। কাটিং হেলপার<br>৮। বোতল/টিন ফিলিং হেলপার<br>৯। ক্যাপ-সিলিং ও টিন সিলিং হেলপার<br>১০। প্রেস মেশিন হেলপার<br>১১। প্যাকার্স/র্যাপার্স (সাধারণ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৫৫৩০/- | ২৭৬৫/- | ১৫০০/- | ১০০০/- | ১০৭৯৫/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৫৫৩০/- | ২২১২/- | ১৫০০/- | ১০০০/- | ১০২৪২/- |
| ৪। | **অদক্ষ :**<br>১। সাধারণ শ্রমিক | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৫০০০/- | ২৫০০/- | ১৫০০/- | ১০০০/- | ১০০০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৫০০০/- | ২০০০/- | ১৫০০/- | ১০০০/- | ৯৫০০/- |
| ৫। | **শিক্ষানবিশ শ্রমিক :** | (ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৭৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

**তফসিল "খ"**

**কর্মচারীগণের নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | <u>গ্রেড-১:</u><br>১। সিনিয়র ক্রয় সহকারী<br>২। সিনিয়র বিক্রয় সহকারী<br>৩। সিনিয়র টেলিফোন অপারেটর<br>৪। মুয়াজ্জিন<br>৫। মেডিক্যাল এটেনডেন্ট<br>৬। হিসাব সহকারী মেডিক্যাল এটেনডেন্ট<br>৭। স্টোর কিপার<br>৮। উচ্চমান সহকারী<br>৯। কম্পিউটার অপারেটর<br>১০। সিনিয়র টাইম কিপার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৮৫৮০/- | ৪২৯০/- | ১৫০০/- | ১০০০/- | ১৫৩৭০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৮৫৮০/- | ৩৪৩২/- | ১৫০০/- | ১০০০/- | ১৪৫১২/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ২। | <u>গ্রেড-২:</u><br>১। জুনিয়র ক্রয় সহকারী<br>২। জুনিয়র বিক্রয় সহকারী<br>৩। নিরাপত্তা হাবিলদার<br>৪। গেট ক্লার্ক<br>৫। মার্চেন্ডাইজার<br>৬। ট্রান্সপোর্ট মেকানিক<br>৭। টেলিফোন মেকানিক<br>৮। নিম্নমান সহকারী<br>৯। টাইম কিপার<br>১০। স্টোর এসিসটেন্ট<br>১১। জুনিয়র টেলিফোন অপারেটর<br>১২। ড্রাইভার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৬৫৫০/- | ৩২৭৫/- | ১৫০০/- | ১০০০/- | ১২৩২৫/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৬৫৫০/- | ২৬২০/- | ১৫০০/- | ১০০০/- | ১১৬৭০/- |
| ৩। | <u>গ্রেড-২ :</u><br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। নাইট গার্ড<br>৪। সুইপার/ক্লিনার<br>৫। মালি<br>৬। কুক | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৫০০০/- | ২৫০০/- | ১৫০০/- | ১০০০/- | ১০০০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৫০০০/- | ২০০০/- | ১৫০০/- | ১০০০/- | ৯৫০০/- |
| ৪। | **শিক্ষানবিশ কর্মচারী:** | (ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৭৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন।<br>(খ) শিক্ষানবিশিকাল ০৬ (ছয়) মাস।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

**শর্তাবলি:**

১। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার **''সোপ এন্ড কসমেটিকস''** শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে, উহা যথাযথ শ্রেণিতে/ গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। উল্লিখিত তফসিলে শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্নতর গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া সংশ্লিষ্ট মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল "ক" ও তফসিল "খ" এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না। এছাড়া উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে/এককভাবে বা শ্রমিকপক্ষের সাথে যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক/কর্মচারীগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিকও, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫)" অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন। কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে, সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার, নিম্নতম মজুরি বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি কোনোক্রমেই প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১১৬১ এবং ধারা ১৫০ ধারা," এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি সংশ্লিষ্ট শ্রমিককে ফুরণভিত্তিক (Piece rate) অথবা দৈনিকভিত্তিক মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপে সংশোধন করিতে হইবে, যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা, কম মজুরি প্রাপ্ত না হন।

১০। উল্লিখিত তফসিলে নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক/কর্মচারীগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন, তাহা, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬" এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ থাকিবে।

১১। উল্লিখিত তফসিলে "নিম্নতম মজুরি" সমন্বয়সহ ০১(এক) বৎসরের কর্মকাল অতিক্রান্তে শ্রমিক/কর্মচারীগণের মূল মজুরি ইতোমধ্যে প্রাপ্ত মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরেও উহা একই হারে বৃদ্ধি পাইতে থাকিবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৫০০০/- (পাঁচ হাজার) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি ৫% হারে বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৫২৫০/- (পাঁচ হাজার দুইশত পঞ্চাশ) টাকা হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৫২৫০/- (পাঁচ হাজার দুইশত পঞ্চাশ) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৫৫১২·৫০ (পাঁচ হাজার পাঁচশত বারো টাকা পঞ্চাশ পয়সা) টাকা হইবে।

১২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক/কর্মচারীগণ "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি পাইবেন।

১৩। এই প্রজ্ঞাপনে কোনো অংশ বাংলাদেশে প্রচলিত "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সহিত সাংঘর্ষিক হইলে উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সুলতানা**
যুগ্মসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd